

২০১৮

বাংলা

তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রস্তুতমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

- ১। চর্যাপদের 'গঙ্গা জউনা মাঝে রে বহই নাজ'—পদটির সাধারণ অর্থ ও রূপকার্থ নিজের ভাষায় বুঝিয়ে দাও। প্রসঙ্গত, পদটির কাব্য সৌন্দর্য বিচার করো।

৫+৫+৬

অথবা

তোমার পঠিত চর্যাপদগুলিতে তৎকালীন বঙ্গসমাজ কীভাবে প্রতিভাত হয়েছে, তা দৃষ্টান্ত দিয়ে বর্ণনা করো।

১৬

২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'বংশীখণ্ড'টির সাহিত্য গুণ বিচার করো। ১৬

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তনে'র 'রাধাবিরহ' অংশ অনুসরণে কৃষ্ণ চরিত্রের স্বরূপ বিশ্লেষণ করো। ১৬

৩। 'চৈতন্যচরিতামৃত'—কাব্যের মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে রাখাতত্ত্ব বিশদভাবে বুঝিয়ে দাও। ১৮

অথবা

সংক্ষেপে আলোচনা করো (যেকোনো দুটি) : ৯+৯

(ক) রাগাঙ্ঘিকা ও রাগানুগা ভক্তি

(খ) কৃষ্ণতত্ত্ব

(গ) সাধ্যসাধন তত্ত্ব

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

১। 'চিরচন্দন উরে'—পদটি কোন্ কবির রচনা ? কোন্ পর্যায়ের পদ ? পদটির মর্মার্থ ব্যাখ্যা করে এই পর্যায়ের পদ রচনায় কবির কাব্য বৈশিষ্ট্যের পরিচয় দাও। ২+২+১২

অথবা

'পূর্বরাগের শ্রেষ্ঠ পদকর্তা চণ্ডীদাস'—চণ্ডীদাসের কবিপ্রতিভা বিচারে উক্তিটির যথার্থ বিশ্লেষণ করো। ১৬

২। মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে 'প্রস্থোৎপত্তির কারণ' অংশে লেখকের যে সমাজ-সচেতনতার পরিচয় পাওয়া যায় তা উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১৬

অথবা

কালকেতু চরিত্র সৃষ্টিতে কবি মুকুন্দের কৃতিত্ব বিশ্লেষণ করো। ১৬

৩। সৈয়দ আলাওল রচিত 'পদ্মাবতী' কাব্যটি অনুবাদ সাহিত্য হিসাবে কতখানি সার্থক? ১৮

অথবা

নামচরিত্র পদ্মাবতী সৈয়দ আলাওলের আন্তরিক সৃষ্টি—‘পদ্মাবতী’ চরিত্র বিশ্লেষণ
করে মন্তব্যটির সার্থকতা বিচার করো।

১৮
